

কোটচাঁদপুর

বহু শিশু প্রাথমিক শিক্ষা বঞ্চিত

কোটচাঁদপুর (খিনাইদহ) থেকে সংবাদদাতা ৥ সরকার পর্যায়ক্রমে প্রাথমিক শিক্ষা কার্যক্রমকে একটি সামাজিক আন্দোলনে পরিণত করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করলেও অভিভাবকদের অজ্ঞতা, কর্তৃপক্ষের অপতৎপরতা ও অনীহার কারণে কোটচাঁদপুর উপজেলার হাজার হাজার শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে। কোটচাঁদপুর উপজেলার প্রত্যন্তাঞ্চলের অভিভাবকদের অজ্ঞতা ও টিলেমির কারণে তাদের শিশু সন্তানেরা শিক্ষার আলো থেকে বঞ্চিত হয়ে অন্ধকারময় এক ভয়াবহ জীবনে পদার্পণ করছে। ফলে তাদের জীবনে নেমে আসে নিরক্ষরতার মত অভিশাপ। বেশীরভাগ অভিভাবক দাবিদ্রতা ঘূচাতে তাদের শিশু সন্তানদের বই তুলে না দিয়ে ড্যান, রিক্সা, রাজমিস্ত্রীর যোগালির কাজ, ওয়েস্টিং কারখানায়, টেম্পুর হেলপারি, ক্ষেতমজুরের কাজসহ কঠিন পরিশ্রমের কাজে নিযুক্ত করছে। শিশু শ্রমিকেরা সারাদিন কঠিন শ্রমের বিনিময়ে সামান্য যে অর্থ প্রাপ্তি হয়, তার অক্ষয় পিতা-মাতা, অভিভাবকরা তা দিয়ে কোনরকমে সংসারের ব্যয়ভার মিটিয়ে থাকে। শিশুদের প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত হওয়ার আরও একটি বড় কারণ শিক্ষকদের অবহেলা, অনীহা ও উদাসীনতা। বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা জানুয়ারী মাসে ছাত্র ছাত্রী কালেকশন না করে নিজ নিজ কর্মে ব্যস্ত থাকেন। ফলে উপজেলার প্রত্যন্তাঞ্চলের হাজার হাজার শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে।